



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নিহত শিক্ষার্থী আহসান হাবিব তামিমের পরিবারের সাথে
সাক্ষাৎ



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক Sadeka Halim, পিএইচডি এর নির্দেশনায় অদ্য ৩১/০৭/২০২৪ তারিখ বুধবার গণিত বিভাগের ২০২২-২৩ শিক্ষাবর্ষের নিহত শিক্ষার্থী আহসান হাবিব তামিমের পরিবারের সাথে গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মিজানুর রহমানের নেতৃত্বে বিভাগীয় শিক্ষকবৃন্দ, কর্মকর্তা, কর্মচারী এবং বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে প্রক্টর অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন এবং পরিচালক, ছাত্র কল্যান, ড. জি এম আল-আমিন সাক্ষাৎ করেন। এ সময় এক হৃদয় বিদারক পরিবেশ সৃষ্টি হয়। প্রতিনিধিরা নিহত শিক্ষার্থীর রুহের মাগফিরাত কামনা করেন ও তার পরিবারের সদস্যদের সমবেদনা জানান। এ সময় গণিত বিভাগের পক্ষ থেকে তামিমের



বাবাকে আর্থিক এবং খাদ্য সামগ্রী সহায়তা প্রদান করা হয়। এছাড়াও মাননীয় উপাচার্য মহোদয়ের নির্দেশে প্রক্টর মহোদয় তামিমের পরিবারকে আগামী সপ্তাহে বিশ্ববিদ্যালয়ে আসতে অনুরোধ করেন এবং পরিবারকে আশ্বস্ত করেন যে, বিশ্ববিদ্যালয় প্রশাসন মানবিক ও আর্থিক সহযোগিতার জন্য প্রস্তুত। উল্লেখ্য যে, আহসান হাবিব তামিমের নিহত হওয়ার সংবাদ জানার পর থেকেই বিশ্ববিদ্যালয় প্রশাসন তামিমের পরিবারের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করে চলেছে। তাছাড়া মাননীয় উপাচার্যের নির্দেশ মোতাবেক বিভিন্ন কর্ম-পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করা হয়েছে।

প্রশাসনিক সিদ্ধান্ত অনুসারে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষার্থীদের সার্বিক বিষয়ে খোঁজখবর নিয়ে আহত শিক্ষার্থীদের তালিকা মোতাবেক জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আহত শিক্ষার্থীদের চিকিৎসার বিষয়ে প্রতিনিয়ত প্রক্টর অফিস খোঁজখবর নিচ্ছেন ও আর্থিক সহযোগিতার ব্যবস্থা নিশ্চিত করছেন।